এবার যমের দুয়োর খোলা পেয়ে ছুটেছে সব ছেলেমেয়ে।
হরিবোল হরি বোল হরিবোল ॥
রাজ্য জুড়ে মস্ত খেলা, মরণ-বাঁচন-অবহেলা—
ও ভাই, সবাই মিলে প্রাণটা দিলে সুখ আছে কি মরার চেয়ে।
হরিবোল হরি বোল হরিবোল ॥
বেজেছে ঢোল, বেজেছে ঢাক, ঘরে ঘরে পড়েছে ডাক,
এখন কাজকর্ম চুলোতে যাক— কেজো লোক সব আয় রে ধেয়ে।
হরিবোল হরি বোল হরিবোল ॥
রাজা প্রজা হবে জড়ো থাকবে না আর ছোটো বড়ো—
একই স্রোতের মুখে ভাসবে সুখে বৈতরণীর নদী বেয়ে।
হরিবোল হরি বোল হরিবোল ॥

---

Parjaay: Bichitro, Taal: Dadra, Raag: Mishra
Visit www.geetabitan.com for notation and other detail